35

দৈনিক ইনকিলাব

3 1 DEC 1994

তারিখ ... 31 DEC 1994......
পৃষ্ঠা ৫ কলাম ৫......

## চিঠিপত্র

### প্রসঙ্গ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে ভর্তি

আমরা ১৯৯১ সালে S.S.C ও ১৯৯৩ সালে H.S.C পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। আমাদের অনেকে ১৯৯৩ সালে বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, আবার অনেকে পরীক্ষায় অংশগ্রহণ করেনি। বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী আমরা ১৯৯৪ সালের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে চাই। কিন্তু ১৯৯২ সালে যারাS.S.C পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তারা নৈর্ব্যক্তিক অভীক্ষার সুযোগে স্বাভাবিকভাবেই বেশী নম্বর অর্জন করেছে। সেই সুবাধে তারা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী মেধা স্কোরে বেশী নম্বরের অধিকারী হবে। ফলে আমরা প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছি। তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন— তারা যেন আলোচ্য বিষয়টি সুবিবেচনা করেন।

মোঃ শহিদুল ইসলাম, আলমগীর,
তুহিন, সুলাইমান অরো অনেকে,
শনিরআখড়া, ডেমরা, ঢাকা।